

# ঘবিপ্রিবিতে আধুনিক ইংরেজি শিক্ষা বিষয়ক ন্যশনাল কনফারেন্স অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার, ঘশোর

প্রকাশিত: ১৫:৩৬, ২৭ জুন ২০২৫; আপডেট: ১৫:৪২,  
২৭ জুন ২০২৫



আধুনিক প্রযুক্তি, বিশ্বায়ন ও পরিবর্তিত শিক্ষানীতির প্রভাবে ইংরেজি শিক্ষার বর্তমান বিশ্বে ঘোগাঘোগ, উচ্চশিক্ষা ও পেশাজীবনে টিকে থাকাসহ নানা বিষয়ে অগ্রগতি নিয়ে ঘশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ঘবিপ্রিবি) ইংরেজি বিভাগের আয়োজনে বিভাগটির প্রথম ন্যশনাল কনফারেন্স অনুষ্ঠিত হয়। আজ শুক্রবার ২৭ জুন সকাল সাড়ে ৯টায় ঘবিপ্রিবির কেন্দ্রীয় গ্যালারিতে ‘ইংলিশ স্টাডিজ ইন দ্য নিউ এরা: চ্যালেঞ্জেস অ্যান্ড ডাইমেনশন’ বিষয়ক ন্যশনাল কনফারেন্স আয়োজন করে ঘবিপ্রিবির ইংরেজি বিভাগ। কনফারেন্সে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। কনফারেন্সে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঘবিপ্রিবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. হোসেন আল মামুন।

বিশেষ অতিথির বক্তব্যে ঘবিপ্রবি কোষাধ্যক্ষ ইংরেজি ভাষার গুরুত্ব তুলে ধরে বলেন, ইংরেজি শুধু ভাষা হিসেবে নয় বরং একটি গ্লোবাল স্কিল বা বৈশ্বিক দক্ষতা হিসেবে বিবেচিত হচ্ছে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ইংরেজি শিক্ষা এখন শুধু সাহিত্যভিত্তিক না থেকে, হয়ে উঠেছে যোগাযোগমুখ্য, প্রযুক্তিনির্ভর ও গবেষণাভিত্তিক। ইংরেজি শিক্ষার বহুমাত্রিক দিক এখন স্পষ্ট। সাহিত্যের পাশাপাশি এখন ইংরেজি ব্যবহাত হচ্ছে বিজ্ঞানের ভাষা, আন্তর্জাতিক রাজনীতি, প্রযুক্তি ও ব্যবসা-বাণিজ্যের প্রধান মাধ্যম হিসেবে। এজন্য বর্তমানে শিক্ষার্থীদের ইংরেজি ভাষার ওপর আরও ভালো দক্ষতা অর্জন করতে হবে।

কনফারেন্সে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের অধ্যাপক ড. কায়সার হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শামসুদ মর্তুজা (ভার্চুয়ালি যুক্ত ছিলেন), ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ব্র্যাক ইনসিটিউট অব ল্যাঙ্গুয়েজেস-এর পরিচালক ও অধ্যাপক ড. শায়লা সুলতানা। বক্তারা আধুনিক প্রযুক্তি, বিশ্বায়ন ও পরিবর্তিত শিক্ষানীতির প্রভাবে ইংরেজি শিক্ষার বর্তমান বিশ্বে যোগাযোগ, উচ্চশিক্ষা ও পেশাজীবনে টিকে থাকাসহ নানা বিষয়ে গবেষণালক্ষ তথ্য, অগ্রগতি ও উন্নয়ন বিষয়ে স্লাইড আকারে বিস্তারিত আলোকপাত করেন।

প্রধান বক্তাদের বক্তব্য শেষে পোস্টার প্রেজেন্টেশন শুরু হয়। এতে ঘবিপ্রবিসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। দুপুরের পর দিনব্যাপী ইংরেজি বিভাগের ক্লাসরুমে বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে আগত ও ঘবিপ্রবির ইংরেজি বিভাগের শিক্ষকবৃন্দ ইংরেজি ভাষার ওপর বিভিন্ন বিষয় নিয়ে কর্মশালা পরিচালনা করেন।

কনফারেন্সে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঘবিপ্রবির কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. মুনিবুর

রহমান। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কনফারেন্সের আহ্বায়ক  
ও ইংরেজি বিভাগের চেয়ারম্যান ড. মো. আবদুল্লাহ আল মামুন।  
অনুষ্ঠানে সহঘোষী অধ্যাপক ড. ফারজানা নাসরিন, সহকারী  
অধ্যাপক ড. মো. আব্দুল হালিম, ড. তন্ময় মজুমদার, আবদুল্লাহ  
আল মামুন, মো. আল ওয়ালিদ, ফারহানা ইয়াসমিন, প্রভাষক  
শরিফুজ্জামান, মো. আতিকুর রহমানসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান পরিচালনা করেন ইংরেজি বিভাগের তাসনিম মাহাবুবা  
ও কুরাইশা বিনতে হুমায়ুন।